দৈনিক সংবাদ

তারিখ 27 FEB 1994
পৃষ্ঠা ৫ কলাম ৫

49

শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী

## মির্জাপুরে ১১টি বিদ্যালয়ে ২ মাস ধরে গম দেয়া হচ্ছে না

মির্জাপুর (টাংগাইল), ২৬শে ফেব্রুয়ারি (নিজস্বসংবাদদাতা)।— 'শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী'র গমের বরাদ্দ না আসায় মির্জাপুর থানার ১১টি প্রাথমিক বিদ্যালয়ের প্রায় ৩ হাজার ছাত্র-ছাত্রীকে গত ২ মাস যাবৎ গম দেয়া বন্ধ রয়েছে বলে থানা শিক্ষা অফিসের একটি সূত্র থেকে জানা গেছে।

থানা শিক্ষা অফিসের উক্ত সূত্রটি জানান যে, গত সেপ্টেম্বর মাস থেকে এ থানার জামুর্কী ইউনিয়নের ১১টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মোট ২৯৭৯ জন দরিদ্র ছাত্রছাত্রী এ কর্মসূচীর আওতাভুক্ত হয়। কর্মসূচীভুক্ত একক পরিবার প্রতি ছাত্রছাত্রীকে প্রতি মাসে ১৫ কেজি এবং যৌথ পরিবার প্রতি ছাত্রছাত্রীকে ৩০ কেজি করে গম দেয়া হয় এবং এর জন্য প্রতিমাসে ৩৩ দশমিক ৬৭৫ মেট্রিক টন গমের বরাদ্দও এসে থাকে। থানা শিক্ষা অফিসের উক্ত সূত্রটি আরো জানান যে, এ কর্মসূচীর আওতাভুক্ত ছাত্রছাত্রীদের বরাদ্দ-কৃত গম প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে দেয়ার সরকারী বিধান থাকলেও গত ডিসেম্বর এবং জানুয়ারি মাসের বরাদ্দ চলতি মাসের ১৩ তারিখ পর্যন্তও আসেনি।